# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৮০) যে সমস্ত কবর পূজারী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবর মসজিদের ভিতরে হওয়াকে দলীল হিসেবে গ্রহণ করে, আমরা কীভাবে তাদের উত্তর দিব?

উত্তর: উক্ত প্রশ্নের উত্তর আমরা কয়েকভাবে দিতে পারি:

১) মসজিদটি মূলতঃ কবরের উপর নির্মাণ করা হয় নি; বরং এ মসজিদ নির্মিত হয়েছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবদ্দশায়।

২) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মসজিদে দাফন করা হয় নি। কাজেই একথা বলার অবকাশ নেই যে ইহাও সৎ ব্যক্তিদেরকে মসজিদে দাফন করার কুপ্রথার অন্তর্ভুক্ত; বরং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তাঁর নিজ ঘরে দাফন করা হয়েছে।

৩) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ঘরগুলোকে মসজিদে প্রবেশ করানো সাহাবীগণের যৌথ সিদ্ধান্তে হয় নি; বরং তাদের অধিকাংশের মৃত্যুর পর হয়েছে। তখন তাদের অল্প কয়েকজন মাত্র বেঁচে ছিলেন। উহা ঘটেছিল ৯৪ হি. সনে মসজিদ সম্প্রসারণ কালে। এ কাজটি সাহাবীগণের অনুমতি বা তাদের যৌথ সিদ্ধান্তে হয় নি। সাঈ'দ ইবন মুসাইয়্যেব তাদের মধ্যে অন্যতম।

৪) কবরটি মূলতঃ মসজিদের ভিতরে নয়। কারণ, উহা মসজিদ হতে সম্পূর্ণ পৃথক কক্ষে রয়েছে। আর মসজিদকে এর উপর বানানো হয় নি। এ স্থানটিকে তিনটি প্রাচীর দ্বারা সংরক্ষিত ও বেষ্টিত করা হয়েছে। আর উত্তর দিকের প্রাচীরটি ত্রিভুজের মত করে রাখা হয়েছে। এতে করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবরটি সরাসরি মুসল্লীর সামনে পড়ে না। আশা করি কবর পূজারীদের দলীল খণ্ডনে উপরোক্ত উত্তরগুলোই যথেষ্ট হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=612

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন